

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯২২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৬. দ্বিতীয় অনুচ্ছেদ - নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ওপর দর্মদ পাঠ ও তার মর্যাদা

আরবী

عَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ صَلَّى عَلَيَّ صَلَاةً وَاحِدَةً صَلَّى اللَّهُ عَلَيْهِ عَشْرُ خَطِيئًاتٍ وَرُفِعَتْ لَهُ عَشْرُ دَرَجَاتٍ». رَوَاهُ النَّسَائِيِّ

বাংলা

৯২২-[8] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি আমার ওপর একবার দর্মদ পাঠ করবে, আল্লাহ তা'আলা তার ওপর দশবার রহমত নাযিল করবেন। তার দশটি গুনাহ মাফ করে দেয়া হবে, আর আল্লাহর নৈকট্যের জন্য দশটি মর্যাদা বাড়িয়ে দেয়া হবে। (নাসায়ী)[1]

ফুটনোট

[1] সহীহ: নাসায়ী ১২৯৭, হাকিম ১/৫৫০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَحُطَّتْ عَنْهُ عَشْرُ خَطِيبًاتٍ وَرُفِعَتْ لَهُ عَشْرُ دَرَجَاتٍ) তথা গুনাহ মাফ করা হয়, ঢেকে রাখা বা মিটিয়ে দেয়া হয়।

(رُفِعَتْ لَهُ عَشْرُ دَرَجَاتٍ حُطَّتُ) এর বিপরীত ব্যবহৃত হয়েছে আর উদ্দেশ্য মর্যাদা বৃদ্ধি করা হবে দুনিয়াতে আল্লাহর আনুগত্যের সুযোগ লাভের মাধ্যমে আর আখিরাতে সৎকর্মের পাল্লায় ভারী হবে এবং জান্নাতে মর্যাদা বৃদ্ধি হবে।

ইমাম ত্বীবী বলেনঃ বান্দার পক্ষ হতে সালাত হলে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য সম্মান ও মর্যাদা কামনা করা।



আর আল্লাহর পক্ষ হতে সালাত হলে প্রতিদানের ক্ষেত্রে দু'টি অর্থ একটি ক্ষমা, অপরটি সম্মান মর্যাদা আর এখানে সম্মান অর্থটিই বেশি প্রযোজ্য।

ইবনু 'আরাবী বলেনঃ আল্লাহ তা'আলা বলেনঃ ''যে একটি ভালো কাজ করবে সে দশগুণ পাবে।'' (সূরাহ্ আল আন্'আম ৬ : ১০৬)

কুরআনের আয়াত দাবী করে যে ব্যক্তি একটি ভালো কাজ করবে সে এর দশগুণ বেশি প্রতিদান পাবে।

আর রসূল সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম-এর প্রতি দর্মদ প্রেরণ একটি ভালো কাজ, সুতরাং কুরআনের দাবী অনুযায়ী জান্নাতে দশগুণ বেশি দেয়া হবে।

সুতরাং সুসংবাদ হলো, যে ব্যক্তি রসূলের ওপর একবার দর্মদ পাঠ করবে আল্লাহ তাকে দশগুণ দিবেন এবং আল্লাহ তা আলা বান্দাকে সর্বোচ্চ প্রতিদান দিয়ে স্মরণ করবেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন